

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারী ১৫, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

বাস্তবায়ন অনুষ্ঠান

প্রজাপন

চাকা, ১লা মার্চ ১৪০৪ বাংলা/১৪ই জানুয়ারী ১৯৯৮ ইংরেজী

এস, আর, ও, নং ১০-আইন/৯৮/অম/অবি(বাস্ত)-১/জাঃ বেঃ স্কেল-৬/৯৭/১৫—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর section ৫ এ
প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস, আর, ও, নং ২৬৭-আইন/৯৭/অম/অবি(বাস্ত)-১/জাঃ বেঃ
স্কেল-৬/৯৭/২৫১ তারিখ ১৮ নভেম্বর, ১৯৯৭ ইংরেজী এর মাধ্যমে জারীকৃত চাকুরী (বেতন
ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের অন্তেছেন ৬ এর উপ-অন্তেছেন (১) এর দফা (গ) এর শেষে দৌড়ির
পরিবর্তে সোমকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নতুন দফা (ঘ) সংযোজিত
হইবে, যথা :—

“(ঘ) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বর্ষ ইবার প্রের অর্থাৎ ০১-৭-১৯৯৭ তারিখের
প্রবেশ পদোষ্পত্তিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে
নির্ধারিত বেতন, যদি তিনি পদোষ্পত্তি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের
বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন প্রেড স্কেল, সিনিয়র
স্কেল বা বাস্তিগত বেতন স্কেল এর ভিত্তিতে তাহার জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে
মে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট

(৩৪৬৭)

মূল্য : টাকা ১০০

কর্মকর্তা বা কর্মসূচীর বেতন, ০১-৭-১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে প্রথমে অব্যবহৃত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উন্নতর প্রে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাহার বেতন নির্ধারিত হইবে। যদি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯৭ তে উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার প্রবর্তী উচ্চতর ধাপে তাহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেইক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ অপরিবর্ত্ত থাকিবে। উন্নতর প্রে বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন প্রেডের সূবিধা প্রদানের ক্ষেত্রে কোন কোটা সীমা প্রযোজ্য হইবে না।”

২। এই আদেশ ১-৭-১৯৯৭ ইং তারিখ হইতে বলবৎ হইয়াছে বালয়া গণ্য হইবে।

রাষ্ট্রপিতার আদেশত্বে
ভঃ আকবর আলি খল
অধ’ সচিব।